গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুজিব শতবর্ষ MUJIB 100

# বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা
## ২০২০-২০২১ এর বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

# সূচীপত্র


- তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ১
- তথ্য অধিদফতর ২
- বাংলাদেশ বেতার ২-৩
- বাংলাদেশ টেলিভিশন ৩-৪
- গণযোগাযোগ অধিদপ্তর ৫
- জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট ৫
- বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ৬
- প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) ৬
- বাংলাদেশ প্রেস কাউন্সিল ৭
- বাংলাদেশ সংবাদ সংস্থা ৭
- বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন ৮
- বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড ৮
- চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর ৯
- বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট ৯
- তথ্য কমিশন ৯

# বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা

## ২০২০-২০২১ এর বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

উদ্ভাবনী ধারণা (ডিজিটাল সেবা) তালিকা

**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**

ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| | সকল ছুটি ই-ফাইলিং এ সম্পন্নকরণ। | মন্ত্রণালয় ও অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীর সকল ছুটি অপেক্ষাকৃত কম সময়ে প্রদান করা যাবে। | সময় ও শ্রম সাশ্রয়। |
| | অনলাইনে/ভার্চুয়াল প্লাটফর্মে Zoom Application ব্যবহার এর ব্যবস্থা গ্রহণ। | অনলাইনে/ভার্চুয়াল প্লাটফর্মে (Zoom Application ব্যবহার করে) সভা, সেমিনার, অনুদান প্রাপ্ত স্বল্পদৈর্ঘ্য ও পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রের রাশ প্রিন্ট প্রদর্শন এবং কর্মশালা আয়োজন। | বর্তমান Covid-19 পরিস্থিতিতে সশরীরে উপস্থিতির মাধ্যমে সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন ঝুকিপূর্ণ বিধায় ভার্চুয়াল পরিবেশে অনলাইনে সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন করা। এ ব্যবস্থার মাধ্যমে সভায় অংশগ্রহণকারীগণ / সদস্যগণ যে কোন স্থান থেকে ভার্চুয়াল প্লাটফর্মে অংশগ্রহণ করতে পারবে। |
| | | | |

## তথ্য অধিদফতর

ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | তথ্য অধিদফতরের ওয়েব পোর্টাল চালুকরণ | তথ্য অধিদফতরের বিদ্যমান ওয়েবসাইট লিংকের মাধ্যমে ওয়েব পোর্টাল তৈরি করা হবে। | সরকারের যাবতীয় প্রচার কার্যক্রমের বিবরণ, বিভিন্ন মন্ত্রণালয়ের উন্নয়নমূলক কর্মকান্ডের তথ্যবিবরণী, ফটোরিলিজ, নিউজ ব্রিফ, প্রেসট্রেন্ড, ফিচার, প্রেসনোট, ক্লিপিংস আকারে প্রদর্শিত হবে। এছাড়া, উক্ত পোর্টালে ভিডিও ক্লিপ আপলোড করার সুবিধা থাকবে। |

## বাংলাদেশ বেতার

ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | অনুষ্ঠান ও হিসাব ব্যবস্থাপনা পদ্ধতি | এটি অনুষ্ঠান ও হিসাব ব্যবস্থাপনার একটি সমন্বিত পদ্ধতি। এর সাহায্যে বিদ্যমান পদ্ধতির পরিবর্তে অনুষ্ঠান পরিকল্পনা, প্রস্তাব, চুক্তিপত্র তৈরি, রেজিষ্টারে লিপিবদ্ধকরণ ও 'চুক্তি পত্র' এসএমএস এর মাধ্যমে শিল্পীদের কাছে পৌঁছানোর সমগ্র প্রক্রিয়াটা সফ্‌টওয়ারের সাহায্যে সম্পন্ন করা যাবে এবং অনুষ্ঠান পরবর্তী হিসাব ও বিল সংশ্লিষ্ট কার্যাদি সম্পন্ন করা যাবে। | সময় অনেক কম লাগবে, শ্রম অনেক কমে যাবে ও প্রতিষ্ঠানের আর্থিক স্বচ্ছতা নিশ্চিত করা সম্ভব হবে এবং দাপ্তরিক কাজে গতিশীলতা আসবে। অনুষ্ঠান পরিকল্পনা থেকে চুক্তিপত্র তৈরি ও তা শিল্পীকে জানানোর কাজে নূন্যতম ৫-১০ দিন সময় লাগে যা উদ্ভাবনের মাধ্যমে ১০-২০ মিনিটে করা সম্ভব হবে। |
| ০২ | বাংলাদেশ বেতার অডিও লাইব্রেরি | বাউল ডাটাবেজ হচ্ছে একটি অনলাইন ভিত্তিক ডাটা এপ্লিকেশন সিস্টেম। প্রথম পর্যায়ে, ডাটাবেজের অনলাইন প্লাটফর্মে শুধুমাত্র অডিও কনটেন্ট তথ্য সাজানো থাকবে এবং আলাদাভাবে লোকাল কম্পিউটারে সকল অডিও কনটেন্ট আলাদা ফোল্ডারে সুবিন্যস্তভাবে সাজানো থাকবে। দ্বিতীয় পর্যায়ে, সকল নিরাপত্তা নিশ্চিতকরণ সাপেক্ষে অডিও ফাইল ডাটাবেজে আপলোড এবং সংরক্ষণ করা হবে। | বাউল ডাটাবেজ ৫টি সাধারণ উদ্দেশ্য নিয়ে প্রণীত হয়েছে। যথা:<br>১.তাৎক্ষণিকভাবে শ্রোতা অনুরোধের গান/তথ্য/অডিও কনটেন্ট খুঁজে বের করা ও প্রচার করা।<br>২. অনুষ্ঠান নির্মাণ সহজীকরণ এবং উৎকর্ষ সাধন করা।<br>৩. দাপ্তরিক কাজে দ্রুততা, দায়িত্বশীলতা আনয়ন করা।<br>৪. ডিজিটাল পদ্ধতিতে অডিও ডাটা সংরক্ষণ, স্থায়িত্ব বৃদ্ধিকরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করা।<br>৫. অনুষ্ঠান নির্মাণে সংশ্লিষ্ট সকলকে আধুনিক তথ্য-প্রযুক্তির সাথে সম্পৃক্ত করা। |
| ০৩ | মোবাইল হাইব্রিড | হাইব্রিতে টেলিফোন এর সেট ও সংযোগের সুবিধা ছাড়া কেবল সেল ফোন ব্যবহার করে ফোন ইন প্রোগ্রামে শ্রোতাবৃন্দের সাথে ফোনালাপ এবং দূরবর্তী ভিআইপিদের সাথে সাক্ষাৎকার সরাসরি সম্প্রচার। | শ্রোতাদের অনুষ্ঠানে সরাসরি অংশগ্রহণ নিশ্চিতকরণ। তাছাড়া করোনাকালীন সময়ে বয়স্ক/ভিআইপিদের অনুষ্ঠানে আসা যাওয়ার অংশগ্রহণ নিশ্চিত করা। |

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০৪ | মুজিবর্ষে বাংলাদেশ বেতারের সুপ্রযোজিত অনুষ্ঠানসমূহ বেতারের ওয়েবসাইটে সংরক্ষণ ও উপস্থাপন | মুজিববর্ষকে কেন্দ্র করে বেতারের সকল কেন্দ্র/ইউনিটে নির্মিত সুপ্রযোজিত অনুষ্ঠানসমূহ বাংলাদেশ বেতারের ওয়েবসাইটে পূর্ণাঙ্গ তথ্যসহ সংরক্ষণ ও উপস্থাপন করা। | বেতারের সকল কেন্দ্র/ইউনিটে নির্মিত সুপ্রযোজিত অনুষ্ঠানসমূহ ভবিষ্যতের জন্য সংরক্ষণ সম্ভব হবে এবং শ্রোতারা যে কোন সময় শুনতে পারবেন। |
| ৫. | সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারের জন্য ইনফোগ্রাফিক অনুষ্ঠান নির্মাণ | বেতারের অডিও প্রচারণার ধারণাকে পাল্টে অডিও, ভিডিও এবং টেক্সট তিন ফরমেটেই অনুষ্ঠান প্রচার এবং প্রচারণা কার্যক্রম চলবে অর্থাৎ সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারের জন্য ইনফোগ্রাফিক অনুষ্ঠান নির্মাণ। শিশু ও নারী উন্নয়নের যোগাযোগের কার্যক্রম হতে বেতারের ফেসবুক পেজে নিয়মিত এ ধরণের অনুষ্ঠান আপলোড করা। | সরকারি প্রচারণা জনসাধারণের নিকট আরো আকর্ষণীয় ও জনপ্রিয় করে তুলতে বাংলাদেশ বেতার ৩৬০ ডিগ্রী আঙ্গিকে প্রচারণা শুরু করেছে। বিশ্বের অন্যান্য উন্নত/স্বল্প উন্নত দেশের সম্প্রচার মাধ্যমের সাথে তাল মিলিয়ে বাংলাদেশ বেতারকে বিশ্ব মানের প্রচার মাধ্যম হিসাবে গড়ে তোলার পাশাপাশি সরকারের উন্নয়ন কার্যক্রম ও সেবা সুবিধা জনসাধারণের নিকট রিয়েল টাইমে পৌঁছানোই এর মূল লক্ষ্য। |
| ৬। | ফেসবুকে বার্তা প্রচার | নিজস্ব ফেসবুক পেজের এবং ওয়েবসাইট এর নিয়মিত প্রচারিত নিউজ ও নিউজ বুলেটিং সম্প্রচার বার্তা প্রচার সম্প্রচারিত। | অনলাইনে ও সামাজিক যোগাযোগের মাধ্যম ব্যবহার করে শ্রোতারা যে কোন সময় বাংলাদেশ বেতারের নির্ভুল ও বস্তুনিষ্ঠ খবর শুনতে পারবেন। |
| ৭ | অনলাইন আর্কাইভিং | বেতার বাংলা পত্রিকাসমূহের ১৯৫০ সাল থেকে বর্তমান পর্যন্ত অনলাইনে সংরক্ষণ এর প্রথম ধাপ হিসেবে গত ১০ বছরের (২০১১-২০২০) পত্রিকার সফটকপি অনলাইনে বেতারের ওয়েবপেজে সংরক্ষণ। | বেতারের ওয়েবপেজে পত্রিকার কপি সংরক্ষণ করা হলে এর গ্রাহক তথা বেতার শ্রোতা ও বেতার সংশ্লিষ্ট যে কেউ যে কোন তথ্য সহজেই বের করতে পারবে। |

## বাংলাদেশ টেলিভিশন

ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | স্টোর ম্যানেজমেন্ট ডাটাবেজ সফ্‌টওয়্যার চালু | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের অংশ হিসেবে বাংলাদেশ টেলিভিশনে স্টোর ম্যানেজমেন্ট ডাটাবেজ সফ্‌টওয়্যার চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিটিভির সমস্ত কেন্দ্র/উপকেন্দ্রের স্টোরগুলো একটি নেটওয়ার্কের আওতায় এনে ডাটাবেজ করা হলে সকল স্টোরের মালামাল সম্পর্কিত তথ্য হার্ড কপির মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণের প্রয়োজন হবেনা। স্টোর ম্যানেজমেন্ট সফ্‌টওয়্যার চালু করা সম্ভব হলে কোন যন্ত্রাংশ বা মালামাল মজুদ আছে কিনা তা যাচাই করার জন্য সার্ভারে সংরক্ষিত ডাটাবেজ থেকে সহজে জানা যাবে। | স্টোর ম্যানেজমেন্ট সফ্‌টওয়্যার চালু করা হলে অনলাইনে পর্যবেক্ষণ করত: প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান দ্রুততার সাথে নিষ্পন্ন করা সম্ভব ও স্টোর ইনডেন্টরিসহ যন্ত্রাংশ মেরামত/সংযোজন সহজতর হবে। এছাড়া, অন্যান্য কেন্দ্র/উপকেন্দ্রগুলো প্রধান কার্যালয়ের সংরক্ষিত মালামাল সম্পর্কে অবহিত হতে পারবে এবং সে মোতাবেক চাহিদা প্রেরণ কবরে। |

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০২ | বিটিভি পিডিএস ডাটাবেজ | বাংলাদেশ টেলিভিশনে মোট অনুমোদিত পদের বিপরীতে বর্তমানে প্রায় ১২ (বার) শত কর্মকর্তা/কর্মচারী কর্মরত রয়েছে। এত অধিক সংখ্যক কর্মকর্তা/কর্মচারীর তথ্যাদি ম্যানুয়াল পদ্ধতিতে সংরক্ষণ করা দূর'হ। প্রায়শ: দাপ্তরিক প্রয়োজনে কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন তথ্যাদি প্রয়োজন হলে তাদের ব্যক্তিগত নথি ও অন্যান্য রেকর্ড যাচাই বাছাই প্রয়োজন হয় যা সময় সাপেক্ষ।<br>এপরিপ্রেক্ষিতে, বিটিভিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত ও চাকরির তথ্যাদি পিডিএস ডাটাবেজে সংরক্ষণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | বিটিভিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত ও চাকরি সংক্রান্ত মৌলিক তথ্যাদি বিশ্লেষণ করে পিডিএস ডাটাবেজে সফ্‌টওয়্যার প্রস্তুত করা হলে অতি দ্রুত ও স্বল্প সময়ে জনবলের চাহিত তথ্য সহজে পাওয়া যাবে এবং নতুন তথ্য সংযোজিত হলে খুব সহজেই রিপোর্ট জেনারেট করা যাবে। |
| ০৩ | বিটিভি ভার্চুয়াল স্টুডিও | বাংলাদেশ টেলিভিশনের বর্তমান স্টুডিওগুলোতে প্রতিটি অনুষ্ঠানের জন্য সেট নির্মাণের প্রয়োজন হয়। প্রতিটি সেটের জন্য আলাদা আলাদা ব্যয় ও জনবলের প্রয়োজন হয়। বিটিভির নিজস্ব রিসোর্স ব্যবহার করে ডিজিটাল স্টুডিওগুলোকে আধুনিক ও সময় উপযোগী করার অংশ হিসেবে ভার্চুয়াল স্টুডিও নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়। | বর্তমান সময়ে বিভিন্ন সংবাদ ও অনুষ্ঠান ভার্চুয়ালি প্রচার করা হয়ে থাকে। ভার্চুয়াল স্টুডিও সুবিধার ফলে কম্পিউটার গ্রাফিক্সের মাধ্যমে প্রতিটি সেট খুব সহজেই তৈরি করা যাবে। একইসাথে ভার্চুয়াল স্টুডিওতে অনুষ্ঠান ধারণের ফলে অনুষ্ঠান নির্মাণ ব্যয় ও ধারণ সময় হ্রাস পাবে। তাছাড়া ভার্চুয়াল স্টুডিওতে নির্মিত অনুষ্ঠান আরও আধুনিক ও দৃষ্টিনন্দন হয়। |
| ০৪ | কিয়স্ক (KIOSK) এর মাধ্যমে বিটিভির ওয়েবসাইট ও গুরুত্বপূর্ণ তথ্য প্রদর্শন | বাংলাদেশ টেলিভিশনের জরুরি বিজ্ঞপ্তি, অফিস আদেশ বিটিভির ইত্যাদি এবং কোন ঘোষণা বিটিভির প্রধান কার্যালয় ও ঢাকা কেন্দ্রের নেটিশ বোর্ডে প্রদর্শন করা হয়। বর্তমানে প্রধান কার্যালয়ে ডিজিটালি তথ্য প্রদর্শনের কোন ব্যবস্থা ছিলনা। বিটিভির ওয়েবসাইট ও গুরুত্বপূর্ণ তথ্য প্রদর্শনের ব্যবস্থাকে ডিজিটালি রূপান্তরের অংশ হিসেবে কিয়স্ক (KIOSK) প্রতিস্থাপনে উদ্যোগ গ্রহণ করা হয়। | বাংলাদেশ টেলিভিশনের জরুরি বিজ্ঞপ্তি, অফিস আদেশ বিটিভির ইত্যাদি এবং কোন ঘোষণা বিটিভি প্রধান কার্যালয় ও ঢাকা কেন্দ্রের নোটিশ বোর্ডে প্রদর্শন করা হতো। বর্তমানে বিটিভির ওয়েবসাইটের পাশাপাশি বিটিভিতে প্রবেশমুখে কিয়স্ক (KIOSK) এর মাধ্যমে বিটিভির ওয়েবসাইট ও গুরুত্বপূর্ণ তথ্য প্রদর্শনের উদ্যোগ গ্রহণ কার হয়েছে। |
| ০৫ | বিটিভির মোবাইল এপ্‌স এর মাধ্যমে বিটিভির অনুষ্ঠান সম্প্রচার | বাংলাদেশ টেলিভিশনের সংবাদ/অনুষ্ঠানসমূহ সরাসরি ঢাকা কেন্দ্র থেকে ১৪টি কেন্দ্র/উপকেন্দ্রের মাধ্যমে টেরেস্ট্রিয়াল সম্প্রচার করা হয়ে থাকে। বিটিভির অনুষ্ঠান/সংবাদ দর্শকদের নিকট সহজে পৌঁছে দিতে সমসাময়িক প্রযুক্তি হিসেবে মোবাইল এপ্‌স চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিটিভির অনুষ্ঠান/সংবাদ দর্শকদের নিকট সহজে পৌছে দিতে মোবাইল এপ্‌স এর মাধ্যমে বিটিভি সম্প্রচারের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | বিটিভির দর্শকগণ তাঁদের নিজস্ব মোবাইলে এপ্‌সটি ইনস্টলের মাধ্যমে বিটিভির সংবাদ /অনুষ্ঠান/খেলাধুলা দেখার সুযোগ পাবে। এছাড়া, জনগুরুত্বপূর্ণ বিভিন্ন বিষয় এপ্‌স এর মাধ্যমে প্রচারের ফলে বিটিভির অনুষ্ঠানের দর্শকপ্রিয়তা আরও বৃদ্ধি পাবে। |

## গণযোগাযোগ অধিদপ্তর

ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | ভার্চুয়াল প্লাটফর্মের মাধ্যমে জনমত সংগ্রহ | তথ্য কর্মকর্তাগণ কর্তৃক ফেসবুক পেইজের মাধ্যমে সরকারের গৃহীত পদক্ষেপ, নীতি, অর্জন ইত্যাদি বিষয়ে জনমত সংগ্রহ। | মাঠ পর্যায়ের তথ্য কর্মকর্তাগণ তাদের নিয়মিত প্রচার কার্যক্রম বাস্তবায়নকালে জনমত সংগ্রহ করে থাকে। করোনা ভাইরাস সংক্রমণ পরিস্থিতিতে জনসমাবেশ সীমিত থাকায় সরাসরি জনমত সংগ্রহ করা চ্যালেঞ্জিং। ভার্চুয়াল প্লাটফর্মে জনমত সংগ্রহ করা সহজ হবে। অংশগ্রহণকারীর সংখ্যা বাড়বে, ব্যয় কমবে। তথ্য কর্মকর্তাগণ অফিসে থেকেই বিনা ব্যয়ে জনমত সংগ্রহ করতে পারবেন। এতে ভিজিট কমে আসবে। ফলে তারা সরকারকে অধিক কার্যকর জনমত প্রতিক্রিয়া প্রতিবেদন প্রেরণে সক্ষম হবে। |

## জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট

ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | অনলাইনে (Zoom Application ব্যবহার করে) ২৪ (চব্বিশ) টি সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন। | Zoom Application ব্যবহার করে ভার্চুয়াল পরিবেশে সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন করা হবে। | বর্তমান Covid-19 পরিস্থিতিতে শ্রেণিকক্ষে উপস্থিত হয়ে সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন ঝুকিপূর্ণ বিধায় ভার্চুয়াল পরিবেশে অনলাইনে সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন করা হবে। প্রশিক্ষণার্থীগণ যে কোন স্থান থেকে অংশগ্রহণ করতে পারবেন। |
| ০২ | অনলাইনে Website, Training Management System Software এবং Facebook Group ও Page ব্যবহার করে ০২(দুই) টি প্রশিক্ষণ পাঠ্যধারা (২/৩/৪ সপ্তাহ মেয়াদী) আয়োজন। | Website, Training Management System Software এবং Facebook Group ও Page ব্যবহার করে ভার্চুয়াল পরিবেশে প্রশিক্ষণ পাঠ্যধারা আয়োজন করা হবে। | বর্তমান Covid-19 পরিস্থিতিতে শ্রেণিকক্ষে উপস্থিত হয়ে প্রশিক্ষণ পাঠ্যধারা আয়োজন ঝুঁকিপূর্ণ বিধায় ভার্চুয়াল পরিবেশে অনলাইনে প্রশিক্ষণ পাঠ্যধারা আয়োজন করা হবে। প্রশিক্ষণার্থীগণ যেকোন স্থান থেকে অংশগ্রহণ করতে পারবেন। |
| ০৩ | Video Conferencing-এর মাধ্যমে প্রশিক্ষণ পাঠ্যধারায় প্রশিক্ষণার্থী নির্বাচনের সাক্ষাৎকার গ্রহণ। | প্রশিক্ষণে অংশগ্রহণ করতে ইচ্ছুক প্রার্থীগণ যেকোন স্থান থেকে নির্ধারিত সময়ে সাক্ষাৎকারে অংশগ্রহণ করতে পারবেন। | ইনস্টিটিউটে না এসে সাক্ষাৎকারে অংশগ্রহণ করতে পারবেন। এর ফলে যাতায়াত সময়সহ আর্থিক সাশ্রয় হবে। |

## বাংলাদেশ ফিল্ম আর্কাইভ

ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | বিএফএ এপ্স | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের জন্য ডাইনামিক এপ্স নির্মাণ | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ফিল্ম আর্কাইভ বিষয়ক আন্তর্জাতিক দুইটি সংস্থা FIAF ( Federation of International Film Archives) এবং IASA (International Association of Sound and Audiovisual Archives) এর সদস্য। এছাড়া ফিল্ম বিষয়ক গবেষণা, আলোচনা, সেমিনার, সিম্পোজিয়াম অনুষ্ঠান, চলচ্চিত্র প্রদর্শন, অধ্যয়ন, ফিল্ম এপ্রিসিয়েশন কোর্স ইত্যাদির জন্য সহায়ক ফিল্ম হসপিটাল, আধুনিক ফিল্ম চেকিং রুম, ডিজিটাল ফিল্ম ক্লিনিং ল্যাব, এলামনাই কর্ণার , উৎসব আয়োজন অফিস, অতিথি কক্ষ, ক্যাফেটেরিয়া, ফিল্ম মিউজিয়াম ইত্যাদি অবকাঠামোগত সুবিধাসহ বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বিভিন্ন তথ্যাদি ডায়নামিকভাবে বিশ্বব্যাপী উপস্থাপনের লক্ষ্যে এন্ড্রোয়েড অপারেটিং সিস্টেমের জন্য এপ্স নির্মাণ। |
| ০২ | ফিল্ম ম্যানেজমেন্ট সিস্টেম | ডিজিটাল ফিল্ম ম্যানেজমেন্ট সিস্টেম (২য় পর্যায়) | বাংলাদেশ ফিল্ম আর্কাইভে সংরক্ষিত বিভিন্ন ফরমেট (ফিল্ম, সিডি/ডিভিডি, হার্ডড্রাইভ, পেনড্রাইভ, ভিএইচ) এর সংরক্ষিত ফিল্মের ডিজিটাল ডাটাবেজ এবং এর সংরক্ষণের স্থান সম্পর্কে তাৎক্ষনিক তথ্যের প্রয়োজন হয়। ১ম পর্যায়ে ২০১৭-২০১৮ অর্থবছরে ডিজিটাল ফিল্ম ম্যানেজমেন্ট সিস্টেম সম্পন্ন করা হয়েছে। কিন্তু সময়ের প্রয়োজনে বর্তমান সিস্টেম পরিমার্জন করে আন্তর্জাতিক মানের ডিজিটাল ফিল্ম ম্যানেজমেন্ট সিস্টেম-২য় পর্যায় বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়েছে। ফলে সেবা গ্রহণকারীদের সঠিক তথ্য প্রদান সহজতর হবে। |

## প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | অনলাইনে সাংবাদিকদের প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ করা। | বর্তমান পরিবর্তিত বৈশ্বিক পরিস্থিতিতে অনলাইনে সাংবাদিকদের প্রশিক্ষণের জন্য অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণের মাধ্যমে পিআইবি'র নিজস্ব সক্ষমতা বৃদ্ধি করা হবে। | দেশ ও দেশের বাইরে সাংবাদিক ও সাংবাদিকতায় আগ্রহীরা অনলাইন শিক্ষা কার্যক্রমে অংশ নিতে পারবে। এতে সময়, খরচ,যাতায়াত কমে যাবে। কম খরচে অধিক সংখ্যক জনগোষ্ঠীকে প্রশিক্ষণ সেবা প্রদান করা সম্ভব হবে। এছাড়া অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণের ফলে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি পাবে। |
| ০২ | পিআইবি'র মোবাইল এপ্লিকেশন তৈরি | পিআইবি'র বিভিন্ন তথ্যাদির সমন্বয়ে মোবাইল এপ্লিকেশন তৈরি করা হবে। | আগ্রহী সাংবাদিক, গণমাধ্যমকর্মী ও সাধারণ জনগণ হাতের মুঠোয় পিআইবি'র তথ্যাদি পাবে ফলে গ্রহকদের ভোগান্তি কমবে। |

## বাংলাদেশ প্রেস কাউন্সিল

ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | সংবাদপত্রে প্রকাশিত কোনো সংবাদ বা প্রতিবেদন সম্পর্কে অনলাইনে অভিযোগ দায়ের | সংবাদপত্রে প্রকাশিত কোনো সংবাদ বা প্রতিবেদন দ্বারা কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান সংক্ষুব্ধ হলে প্রেস কাউন্সিল এক্ট ১৯৭৪ এর ১২ ধারা অনুযায়ী সংক্ষুব্ধ ব্যক্তি বা প্রতিষ্ঠান প্রেস কাউন্সিলের ওয়েবসাইটে প্রবেশ করে অনলাইনে প্রাথমিক অভিযোগ দায়ের করতে পারবেন। | বিদ্যমান পদ্ধতিতে যদি কোনো সংবাদ বা সংবাদ সংস্থা সাংবাদিকতা নীতিমালার মান বা জনসাধারণের রুচির বিরুদ্ধে অপরাধ করে অথবা কোনো সম্পাদক বা কর্মরত সাংবাদিক পেশাগত অসদাচরণ করে বা সাংবাদিকতা নীতিমালার বিধি লঙ্ঘন করে সেক্ষেত্রে সংক্ষুব্ধ ব্যক্তি বা প্রতিষ্ঠানকে প্রেস কাউন্সিলে এসে প্রেস কাউন্সিলের নির্দিষ্ট ফরমেটে আবেদন করে অভিযোগ দায়ের করতে হয় যা খুবই সময়সাপেক্ষ। কিন্তু এ ডিজিটাল সেবাটি চালু করা হলে সংক্ষুব্ধ ব্যক্তি বা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট সংবাদপত্রের বিরুদ্ধে অভিযোগ দায়ের করার জন্য কাউন্সিলের দাপ্তরিক কার্যালয়ে আসার প্রয়োজন হবেনা। যেকোন জায়গায় বসে অনলাইনে অভিযোগ দায়ের করতে পারবেন। এতে করে হলুদ সাংবাদিকতা বন্ধে কার্যকর প্রভাব পড়বে। |

## বাংলাদেশ সংবাদ সংস্থা

ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | জেলা সংবাদাতাদের সংবাদ ও মাসিক ডায়েরি সাবমিশন সিস্টেম চালু করা। | বর্তমানে সংস্থার জেলা সংবাদদাতাগণ ই-মেইলে সংবাদ প্রেরণ করে থাকে এবং প্রতি মাসে তাদের প্রেরিত সংবাদের শিরোনাম উল্লেখ করে একটি মাসিক ডায়েরি সংস্থার প্রধান কার্যালয়ে প্রেরণ করার পর তাদের মাসিক রিটেইনার ও আনুষ্ঠানিক বিল পরিশোধ করা হয়। এই পদ্ধতিটি চালু হলে প্রতিটি জেলা সংবাদদাতার একটি করে ইউজার আইডি থাকবে। নিজ নিজ ইউজার আইডিতে লগিং করে তার সংগৃহীত সংবাদটি সাবমিশন করতে পারবে। | সংস্থার জেলা সংবাদদাতাদের সংবাদ প্রেরণের ব্যয়, সময় হ্রাস পাবে এবং মাসিক ডায়েরি প্রেরণ ও যাচাই বাছাইয়ে জটিলতা দুর হবে। ফলে জেলা সংবাদদাতদের কাজে প্রতিযোগিতা ও জবাবদিহিতা সৃষ্টি হবে। |
| ০২ | লিভ এপ্লিকেশন সাবমিশন সিস্টেম চালু করা। | সংস্থার লিভ এপ্লিকেশন সাবমিশন সিস্টেম চালু করা হলে যেকোন সাংবাদিক, কর্মকর্তা/কর্মচারী অনলাইনের মাধ্যমে লিভ এপ্লিকেশন ফরম পূরণ করে বিভাগীয় প্রধানের নিকট অনুমোদনের জন্য সাবমিট/দাখিল করবেন। বিভাগীয় প্রধান এপ্লিকেশনটি দেখে অনুমোদনের জন্য সুপারিশ করবেন। | সংস্থার লিভ এপ্লিকেশন সাবমিশন সিস্টেম চালু করা হলে যেকোন সাংবাদিক, কর্মকর্তা/কর্মচারী অনলাইনের মাধ্যমে লিভ এপ্লিকেশন ফরম পূরণ করে সাবমিট করতে পারবেন।হার্ডকপিতে কাজ না করে অনলাইনে করার মাধ্যমে সময় ও ব্যয় কম হবে। ফলে সংস্থার অভ্যন্তরীণ সেবার ক্ষেত্রে ছুটির আবেদনের পদ্ধতি এক ধাপ হ্রাস পাবে। |
| ০৩ | মোবাইল এপ্স চালু করা। | সংস্থার মোবাইল এপ্স তৈরি করার মাধ্যমে সকল সাগরিক এই এপ্সটি মোবাইল ফোনে ডাউনলোড করে সংস্থা কর্তৃক পরিবেশিত সংবাদ সেবা গ্রহণ করতে পারবে। | সংস্থার মোবাইল এপ্স তৈরি হলে সকল নাগরিক সেবা সহজলভ্য হবে এবং যেকোন স্থান থেকে যেকোন নাগরিক তাৎক্ষণিকভাবে সংস্থার পরিবেশিত সংবাদ জানতে পারবেন। |

## বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন

ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | বঙ্গবন্ধু শেখ মুজিব ফিল্ম সিটি অনলাইন বুকিং | বঙ্গবন্ধু শেখ ফিল্ম সিটিতে সিনেমা, বিজ্ঞাপন, পিকনিক অথবা কোন অনুষ্ঠান আয়োজনে এর বিভিন্ন স্পট বুকিং এর মূল্য পরিশোধের অনলাইন পেমেন্ট পদ্ধতি। | সেবা বা স্পট বুকিং এর মূল্য পরিশোধে সেবা গ্রহিতাদের TCV (Time, Cost, Visit)লাঘব করাই মূল লক্ষ্য। |
| ০২ | সিডিউল বুকিং অনলাইন পেমেন্ট | বিএফডিসির অভ্যন্তরে ক্যামেরা-লাইট, সাউন্ড ইকুইপমেন্টস, সম্পাদনা, ফ্লোর বা অন্যান্য যে কোন সেবার সিডিউল বুকিং - এর মূল্য পরিশোধের ক্ষেত্রে অনলাইন পেমেন্ট পদ্ধতি। | উল্লিখিত সেবাসমূহের মূল্য পরিশোধে সেবা গ্রহিতাদের TCV (Time, Cost, Visit) লাঘব করাই মূল লক্ষ্য |

## বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড

ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | জুম মিটিং এর ব্যবস্থা গ্রহণ | কোনো চলচ্চিত্র পরীক্ষণের জন্য ১৫ জন সদস্য বিশিষ্ট বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড রয়েছে। বোর্ডের সদস্যগণ স্বশরীরে উপস্থিত হয়ে চলচ্চিত্র পরীক্ষণ ও পরীক্ষণ পরবর্তী বোর্ড সভায় অংশগ্রহণ করতে হয়। দেশের বর্তমান পরিস্থিতি বিবেচনায় বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড কার্যালয়ে জুম মিটিং এর ব্যবস্থা করা হবে। ফলে বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের সম্মানিত সদস্যগণ স্বশরীরে উপস্থিত না হয়েও চলচ্চিত্র পরীক্ষণ পরবর্তী বোর্ড সভায় অংশগ্রহণ করতে পারবেন। দপ্তরের অভ্যন্তরিন সভায় কর্মকর্তা-কর্মচারী অফিসে উপস্থিত না থেকে উক্ত ব্যবস্থার মাধ্যমে সভায় অংশগ্রহণ করতে পারবেন। | করোনা (কোভিট-১৯) সংক্রামন প্রতিরোধের লক্ষ্যে জুম মিটিং এর ব্যবস্থা করা। |
| ০২ | "আমরা ফিল্ম সেন্সর বোর্ড পরিবার" নামে ফেসবুক গ্রুপ তৈরি | "আমরা ফিল্ম সেন্সর বোর্ড পরিবার" নামে একটি ফেসবুক গ্রুপ তৈরি করা হবে। বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের যাবতীয় কার্যক্রম উক্ত ফেসবুক গ্রুপের সকল সদস্যদের মধ্যে আদান প্রদান করা হবে। ফলে দৈনন্দিন কাজের গতি বৃদ্ধি পাবে। | দপ্তরের কাজে গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে ফেসবুক গ্রুপ তৈরি করা। |

## চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর

ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | সকল ছুটি ই-ফাইলিং এ সম্পন্ন | অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীর সকল ছুটি অপেক্ষাকৃত কম সময়ে প্রদান করা যাবে। | সময় ও শ্রম সাশ্রয় |
| ০২ | ডে-কেয়ার সেন্টারে সিসি ক্যামেরা স্থাপন | ডে-কেয়ার সেন্টারে সিসি ক্যামেরা স্থাপন করা হলে বাচ্চারা কখন কি করছে তা মোবাইলে দেখার সুযোগ তৈরি হবে। কর্মজীবী মায়েরা বচ্চাদের গতিবিধি পর্যবেক্ষণ করে নিশ্চিন্তমনে কাজ করতে আরও উৎসাহী হবে। | বাচ্চাদের নিরাপত্তা ও অভিভাবকদের মানসিক প্রশান্তি বৃদ্ধি। |
| ০৩ | অনলাইন ও অফলাইন সুবিধাসম্পন্ন মোবাইল এপ্স তৈরি | মাসিক 'সচিত্র বাংলাদেশ'-এর জন্য অনলাইন ও অফলাইন সুবিধাসম্পন্ন মোবাইল এপ্স তৈরির ফলে পাঠক যেকোন সময় এটি পাঠে উদ্বুদ্ধ হবে। | সহজলভ্য ও আর্থিক সাশ্রয়। |
| ০৪ | নৈমিত্তিক ছুটির হিসাব সংক্রান্ত এপ্স তৈরি। | কর্মকর্তা ও কর্মচারীদের বছরে ২০ (বিশ) দিনের নৈমিত্তিক ছুটি প্রাপ্যতার বিধান রয়েছে। এ এপ্সের মাধ্যমে ছুটির হিসাব সংরক্ষণ সহজ হবে। | সচ্ছতা ও সময় সাশ্রয়। |

## বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট

ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | কোর্স মূল্যায়ন ফরম | শিক্ষার্থী কর্তৃক শিক্ষক, কোর্স এবং কোর্স প্রশাসন মূল্যায়ন। প্রতি সেমিস্টারের শেষে প্রশিক্ষণার্থীদের দ্বারা বিসিটিআই পরিচালিত বিভিন্ন স্বল্প ও দীর্ঘ মেয়াদি কোর্সের সার্বিক মূল্যায়ন করা। | সার্বিক মূল্যায়নের ফলে কোর্সসমূহের গুনগত পরিবর্তন ঘটবে। |
| ০২ | শিক্ষার্থীদের প্রদেয় প্রত্যয়নপত্র | প্রত্যয়নপত্র প্রদান প্রক্রিয়া সহজ ও সময়বান্ধব করা। | শিক্ষার্থী এবং প্রশাসন উভয়ের জন্য এ সংক্রান্ত কর্মপ্রক্রিয়া সহজতর হবে। |
| ০৩ | আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে বিসিটিআই নির্মিত প্রোডাকশনসমূহের অংশগ্রহণ | শিক্ষার্থীদের নির্মিত, বাছাইকৃত চলচ্চিত্রসমূহের বিশ্বের বিভিন্ন আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে অংশগ্রহণের জন্য প্রযোজক হিসেবে বিসিটিআই-এর প্রাতিষ্ঠানিকভাবে উদ্যোগ গ্রহণ। | প্রশিক্ষণার্থীদের নির্মিত চলচ্চিত্রসমূহের বিস্তার, পরিচিতি ও স্বীকৃত অর্জিত হবে। |
| ০৪ | নভেল করোনা ভাইরাস সংক্রমণ থেকে পরিত্রাণের নিমিত্ত কার্যক্রম গ্রহণ | উদ্ভুত পরিস্থিতিতে স্বাস্থ্য মন্ত্রণালয় নির্দেশিত পন্থায় কার্যকরী পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন। | ইনস্টিটিউটের সকলের স্বাস্থ্য ঝুকিঁ কমবে। |
| ০৫ | ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপন | প্রতিষ্ঠানের সম্মুখ দেয়ালে একটি ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপনের মাধ্যমে ইনস্টিটিউটের কোর্স ও অন্যান্য কার্যক্রমের তথ্য প্রদর্শন। | প্রয়োজনীয় তথ্যসমূহ জনগনের উদ্দেশ্যে উন্মুক্ত করা হবে এবং চলমান কার্যক্রমসমূহ আরও বেগবান হবে। |

## তথ্য কমিশন

ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | | Covid-19 বিস্তার রোধে নাগরিকের সুবিধার্থে ভার্চুয়াল Zoom শুনানীর আয়োজন। | |